

আনন্দবাজার পত্রিকা

১৫ মাঘ ১৪১৬ শুক্রবার ২৯ জানুয়ারি ২০১০

গাঁধীজির পথে 'নঈ তালিম', আলোচনা

নিজস্ব সংবাদদাতা ✧ মানবাজার



সভায়। --নিজস্ব চিত্র।

গাঁধীজির প্রদর্শিত পথে শিক্ষাব্যবস্থা পরিমার্জন করে 'নঈ তালিম' চালু করতে আগ্রহী কেন্দ্রীয় সরকার। গুজরাট-সহ যে কয়টি রাজ্যে এখন নঈ তালিম চালু রয়েছে, সেখান থেকে তথ্য সংগ্রহ করে সারা দেশে নতুন নতুন শিক্ষাকেন্দ্র গড়ে তোলা হবে। মানবসম্পদ উন্নয়ন মন্ত্রকের তরফে এ ব্যাপারে তথ্য সংগ্রহের কাজও শুরু হয়ে গিয়েছে।

বৃহস্পতিবার পুরুলিয়ার মানবাজার থানার মাঝিহিড়া জাতীয় বুনিয়াদি শিক্ষা প্রতিষ্ঠানে এই কথা জানান ন্যাশনাল কাউন্সিল ফর রুরাল ইনস্টিটিউটের (এনসিআর আই) আহ্বায়ক এন ভি পিটার। তাঁদেরই আর্থিক সহযোগিতায় আয়োজিত আলোচনা সভায় পিটার বলেন, “নঈ তালিম নিয়ে দেশের বিভিন্ন প্রান্তে যাঁরা কাজ করছেন, তাঁদের একত্রিত করে একটি কেন্দ্রীয় কমিটি গঠন করা হবে। মাঝিহিড়া আশ্রম বিদ্যালয়কে রোল মডেল করে প্রশিক্ষণ কেন্দ্র খোলারও পরিকল্পনা রয়েছে।”

মাঝিহিড়া আশ্রম বিদ্যালয়ের প্রতিষ্ঠাতা, ৯৫ বছরের চিত্তভূষণ দাশগুপ্ত বলেন, “দেশে এই শিক্ষা পদ্ধতি চালু করার কথা গাঁধীজি নেহরুকে বলেছিলেন। আমাদের এই

প্রতিষ্ঠানে গত সাত দশক ধরে এই পদ্ধতিতে বুনিয়েদি শিক্ষার ধারা অক্ষুণ্ণ রয়েছে। দেহিতে হলেও কেন্দ্রীয় সরকার এ ব্যাপারে সদর্শক পদক্ষেপ করেছে।” বিদ্যালয়ের সম্পাদক প্রসাদ দাশগুপ্তের মতে, “আমাদের দেশে এখনও লর্ড মেকলে প্রবর্তিত শিক্ষা কাঠামোই প্রচলিত রয়েছে। বিদেশী রীতিতে শিক্ষা কার্যত আত্মহত্যার সামিল।”

মুন্সইয়ের সিদ্ধার্থ কলেজের পদার্থ বিজ্ঞানের শিক্ষক প্রদীপ দাশগুপ্ত বলেন, “পশ্চিমের অনেক দেশই এখন নষ্ট তালিম সম্পর্কে খোঁজখবর করছেন। জীবনের মানোন্নয়নের জন্য প্রচলিত শিক্ষাপদ্ধতি যে যথেষ্ট নয় তা অনেকেই বুঝতে পেরেছেন।” সভায় উপস্থিত স্থানীয় সাংসদ নরহরি মাহাতো এই কাজে প্রয়োজনীয় সাহায্যের আশ্বাস দেন।



[First Page](#) | [Calcutta](#) | [State](#) | [Uttarbanga](#) | [Dakshinbanga](#) | [Bardhaman](#) | [Purulia](#) | [Murshidabad](#) | [Medinipur](#) | [National](#) | [Foreign](#) | [Business](#) | [Sports](#) | [Health](#) | [Environment](#) | [Editorial](#) | [Today](#) | [Crossword](#) | [Comics](#) | [Feedback](#) | [Archives](#) | [About Us](#) | [Advertisement Rates](#) | [Font Problem](#)